




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১১.০১.০০১.২১-২৫৪

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ
২৮ মে, ২০২২ খ্রিষ্টাব্দ

জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক ৩য় নিয়োগ বিজ্ঞপ্তির আওতায় নিয়োগের জন্য সুপারিশকৃত প্রার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৩য় নিয়োগ বিজ্ঞপ্তির আওতায় যারা MPO পদে সুপারিশপ্রাপ্ত হয়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে যোগদান করেছেন কিন্তু পদ সংক্রান্ত জটিলতা, জাতীয়করণ, ভুল চাহিদা ইত্যাদি কারণে এমপিওভুক্ত হতে পারেননি কিংবা সুপারিশপ্রাপ্ত হয়ে কোনো শিক্ষা প্রতিষ্ঠানে যোগদান করতে পারেননি, তাদেরকে আগামী ২৬.০৬.২০২২ খ্রিঃ তারিখ বিকেল ৫.০০ ঘটিকার মধ্যে নিম্নবর্ণিত ছক অনুসারে প্রয়োজনীয় তথ্য/প্রমানকসহ এনটিআরসিএ, ঢাকার কার্যালয়ে সরাসরি আবেদনপত্র পৌঁছানোর জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্রের সাথে এনটিআরসিএ কর্তৃক ইস্যুকৃত নিয়োগ সুপারিশপত্র, যে আবেদনের ভিত্তিতে নিয়োগ সুপারিশ পেয়েছেন সে আবেদনপত্র বা এপ্লিকেন্টস কপি এবং এনটিআরসিএ'র নিবন্ধন সনদের কপি দাখিল করতে হবে। যারা উক্ত বিষয়ে ইতঃপূর্বে এনটিআরসিএ-তে আবেদন করেছেন, তাদেরকেও উল্লিখিত ছক অনুযায়ী তথ্য/প্রমানকসহ পুনরায় আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

“ছক”

প্রার্থীর নাম ও মোবাইল নম্বর	রোল ও ব্যাচ	পদ/বিষয়	সুপারিশপ্রাপ্ত প্রতিষ্ঠানের নাম ও EIIN নম্বর	এমপিও না হওয়া/ যোগদান না করার কারণ (সংক্ষেপে)

২। উল্লেখ্য, যারা NON MPO পদে আবেদন করে NON MPO পদে সুপারিশপ্রাপ্ত হয়েছেন তাদের ক্ষেত্রে এ ধরনের আবেদন করার প্রয়োজন নেই।

৩। ২৬.০৬.২০২২ খ্রিঃ তারিখের পরে এ সংক্রান্ত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

(কাজী কামরুল আহসান)
পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
এনটিআরসিএ, ঢাকা।
ফোন: ০২-৪১০৩০১২১